

নং-৪৩.২৬.২৭০০.০০০.২৩.০০১.২০.১৬১

তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

জাতীয় শোক দিবস-২০২১ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

জাতীয় শোক দিবস-২০২১ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, দিনাজপুর এ নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্র. নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	জমা দেয়ার শেষ তারিখ
১.	ক	পঞ্চম-অষ্টম	ছোটদের প্রিয় বঙ্গবন্ধু	১০০০	২০.০৮.২০২১ খ্রি. তারিখ বিকাল ৫.০০টা
২.	খ	নবম-দ্বাদশ	স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু	১২০০	
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধু ও বাঙ্গালি সংস্কৃতি, ঐতিহ্য	১৫০০	
৪.	ঘ	সর্বসাধারণ	১৫ আগস্ট ইতিহাসের বিষাদময় অধ্যায়	১৮০০	
৫.	ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	বঙ্গবন্ধু থেকে জাতির পিতা	১০০০	

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র. নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	জমা দেয়ার শেষ তারিখ
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত	২০.০৮.২০২১ খ্রি. তারিখ বিকাল ৫.০০টা
২.	খ	৮-১২ বছর	স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু	
৩.	গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত	

রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য: রচনা (A4) সাদা কাগজ এবং চিত্রাংকন প্রতিযোগিতার আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র জেলা সরকারি গণগ্রন্থাগার, দিনাজপুর এ সরাসরি জমা দিতে হবে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে।

শর্তাবলি:

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনার ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
৫. চিত্রাংকনের ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য জন্মনিবন্ধন এর কপি জমা দিতে হবে।

২৭/০৭/২০২১

(মাহাবুবা আক্তার)

সহকারি লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার, দিনাজপুর

ফোনঃ ০৫৩১-৬৫৯৬৩

ইমেইলঃ dgpldinajpur2015@gmail.com